# বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।

জুলাই'২০২২ হতে সেপ্টেম্বর'২০২২ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আবুল কালাম আজাদ, মহাব্যবস্থাপক(দায়িত্বে) (সভাপতি, বিকেবি শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি) |
| তারিখ ও সময় | ঃ | ২৯.০৯.২০২২ খ্রিঃ, সময় ঃ বিকাল ৪.০০ ঘটিকা |
| স্থান | ঃ | মহাব্যবস্থাপক মহোদয়ের অফিসকক্ষ |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-'ক' |

০১। ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি তাঁর বক্তব্যে অত্র ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো সম্পর্কে আলোচনা করেন এবং তদানুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্বারোপ করেন। তিনি আরো বলেন আর্থিক স্বচ্ছতা সুশাসন প্রতিষ্ঠার একটি বড় মাধ্যম। সে কারণেই প্রতিষ্ঠানের সর্বক্ষেত্রে আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতার কোন বিকল্প নেই। সরকার সকল প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠার উপর গুরুত্বারোপ করেছেন। তিনি ব্যাংকের অত্র বিভাগেও যেন শুদ্ধাচার চর্চা অব্যাহত থাকে সে বিষয়ের উপর গুরুত্বারোপ পূর্বক আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ মেনে চলার পরামর্শ দেন।

০২। সভাপতি " জাতীয়শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩" এর বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন এবং চলমান প্রান্তিকে লক্ষ্যমাত্রাসমূহ পূরণের জন্য বিশেষ দিকনির্দেশনা প্রদান করেন। তিনি শাখা/কার্যালয়ের সুশাসন, নিয়মানুবর্তিতা, প্রতিষ্ঠানের বিধিবিধান পরিপালন, অফিস শৃঙ্খলারক্ষা, নিষ্ঠা-সততা এবং সময়ানুবর্তিতার প্রতি বিশেষ গুরুত্বারোপ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন।

০৩। আলোচনা শেষেনিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহীত হয়ঃ

০১. আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকলাপনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা,২০২২-২৩ এর নির্দেশনা অনুসরণ করা।

০২. ২০২২-২৩ অর্থবছরের সিদ্ধান্ত বাস্তবায়ন ও পূর্বের সিদ্ধান্তসমুহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখা।

০৩. দ্রুততম সময়ের মধ্যে ঋণ প্রদান/ নবায়ন প্রক্রিয়া সম্পন্ন করা ।

০৪. যথাসময়ে অঞ্চল ও শাখা পরিদর্শন কাজ সম্পন্ন করা।

০৫. ঋণ আদায়, ঋণ বিতরন, আমানত সংগ্রহ ও অন্যান্য খাতে লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক হারে অর্জন করা।

০৬. গ্রাহকগনের তরফ হতে কোন অভিযোগ পাওয়া গেলে তার ব্যবস্থা গ্রহন করা ।

০৭. ১ম প্রান্তিকের (জুলাই'২০২২ হতে সেপ্টেম্বর'২০২২) "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি" প্রতিবেদন প্রস্তুতপূর্বক যথাসময়ে ওয়েবে আপলোড করা।

০৪। সভায় আর আলোচ্য সূচি না থাকায় ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবুল কালাম আজাদ) 
মহাব্যবস্থাপক(দায়িত্বে) ২৯/০৯/২২
ও
সভাপতি

বিকা/কুষ্টিয়া/প্রশা-০৭/২০২২-২০২৩/ ৭৩৭(৮-৪) তারিখ ঃ ২৯.০৯.২০২২খ্রিঃ

**সদয়জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণকরাহলোঃ**

০১. চীফ স্টাফঅফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষিব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪. উপ-মহাব্যবস্থাপক, শাখানিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুষ্টিয়া।

০৬. মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া বিভাগ।

০৭. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, কুষ্টিয়া বিভাগ। (সংশ্লিষ্টমুখ্য আঞ্চলিক/আঞ্চলিকব্যবস্থাপকেরমাধ্যমে)

০৮. অফিসনথি।

২৯/০৯/২০২২
( পদ্ম রানী সাহা)
উপমহাব্যবস্থাপক (দায়িত্বে)

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়
মনছুর ম্যানশন, দাদাপুর সড়ক, কুষ্টিয়া।

☎ 02477782576, 02477783234
E-mail:gmkushtia@krishibank.org.bd
Web:www.krishibank.org.bd

পরিশিষ্ট-'ক'

**অদ্য ২৯.০৯.২০২২ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত বিকেবি বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া'র "শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি " সংক্রান্ত সভায় উপস্থিত সদস্য গনের হাজিরা**

**তারিখঃ ২৯.০৯.২০২২ ইং, সময়ঃ বিকাল ০৪.০০ টা**

| | | | |
|---|---|---|---|
| ০১ | জনাব আবুল কালাম আজাদ | মহাব্যবস্থাপক (দায়িত্বে) | [signature] ২৯/০৯/২২ |
| ০২ | জনাব পদ্ম রানী সাহা | উপমহাব্যবস্থাপক (দায়িত্বে) | [signature] ২৯/০৯/২০২২ |
| ০৩ | জনাব দেবাশীষ ঘোষ | সহকারী মহাব্যবস্থাপক | [signature] ২৯/০৯/২২ |
| ০৪ | জনাব আশিক আহমেদ সিদ্দীকি | ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | [signature] 29.09.2022 |
| ০৫ | জনাব মুহাম্মদ আব্দুল জব্বার | সহকারী প্রকৌশলী | [signature] 29.09.2022 |
| ০৬ | জনাব মোঃ মেহেদী মন্ডল ডিনা | মুখ্য কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা | [signature] ২৯/০৯/ 2022 |

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়
মনছুর ম্যানশন, দাদাপুর সড়ক, কুষ্টিয়া।

☎ 02477782576, 02477783234
E-mail:gmkushtia@krishibank.org.bd
Web:www.krishibank.org.bd

বিকা/কুষ্টিয়া/প্রশাসন-৫৫/২০২২-২০২৩/ ৮৯৮(৮)

তারিখ ঃ ২৭.০৯.২০২২ খ্রিঃ

বিষয় ঃ **জুলাই'২০২২ হতে সেপ্টেম্বর'২০২২ সময়ের (১ম প্রান্তিকের) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা আয়োজন প্রসঙ্গে।**

০২। এই ব্যাংকের "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২২-২০২৩ এর ১ম প্রান্তিকের (জুলাই'২০২২ হতে সেপ্টেম্বর'২০২২) লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আগামী ২৯.০৯.২০২২ খ্রিঃ তারিখ, বৃহঃস্পতিবার, বিকাল ০৪.০০ ঘটিকায় মহাব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষে বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়ার শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হবে। সভায় মহাব্যবস্থাপক মহোদয় সভাপতিত্ব করবেন।

০৩। উক্ত সভায় বিভাগীয় কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। অত্র বিভাগের সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপককে অনলাইনের মাধ্যমে যুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচী ঃ

০১. আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকলাপনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা,২০২২-২৩ বিষয়ে আলোকপাত।
০২. ২০২২-২৩ অর্থবছরের ১ম প্রান্তিকে কৌশল অনুযায়ী সিদ্ধান্ত গ্রহন ওপূর্বের সিদ্ধান্ত সমুহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখা সংক্রান্ত ।
০৩. দ্রুততম সময়ের মধ্যে ঋণ প্রদান/ নবায়ন প্রক্রিয়া সম্পন্ন করা সংক্রান্ত ।
০৪. অঞ্চল ও শাখা পরিদর্শন কাজ সংক্রান্ত।
০৫. ঋণ আদায়, ঋণ বিতরন, আমানত সংগ্রহ ও অন্যান্য খাতে লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত ।
০৬. গ্রাহকগনের তরফ হতে কোন অভিযোগ পাওয়া গেলে তার ব্যবস্থা সংক্রান্ত ।
০৭. "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ও ১ম প্রান্তিকের (জুলাই'২০২২ হতে সেপ্টেম্বর'২০২২) প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত।

আদেশক্রমে,

আপনার বিশ্বস্ত

২৭.০৯.২০২২

(পদ্ম রানী সাহা)
উপমহাব্যবস্থাপক(দায়িত্ব)

সকল কর্মকর্তা-কর্মচারী,
বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১. মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া বিভাগ।
০২. অফিস নথি।